**পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)**
**প্রধান কার্যালয়**
বাড়ী নং-০৫, এভিনিউ-০৩, হাজী রোড, রুপনগর, মিরপুর-০২, ঢাকা-১২১৬
**www.pdbf.gov.bd**

PDBF

স্মারক নং-৪৭.৬৬.০০০০.০১০.১৮.০০৩৫.০৪-**১০১৫** তারিখঃ ০৪/০৪/২০২১খ্রিঃ।

**বিষয়ঃ করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে শর্ত সাপেক্ষে সার্বিক কার্যাবলী প্রসঙ্গে:**

**সূত্র:** ১. মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১ তারিখ: ০৪ এপ্রিল ২০২১
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের পত্র সংখ্যা ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১.১২৪ তারিখ: ২৯ মার্চ ২০২১
৩. পিডিবিএফ এর ব্যবস্থাপনা পরিচালকের পত্র সংখ্যা ৪৭.৬৬.০০০০.০১০.৯৯.০১০৪.২১-৮৯৮ তারিখ: ৩১ মার্চ ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতি পর্যালোচনায় পিডিবিএফ এর প্রধান কার্যালয়সহ সকল আঞ্চলিক কার্যালয় এবং উপজেলা কার্যালয়ে কেবল জরুরী কার্য সম্পাদনের জন্য সীমিত পরিসরে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা-কর্মচারীর উপস্থিতিতে দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করতে হবে।

০২. দপ্তর/কার্যালয় প্রধানগণ প্রযোজ্যমতে স্ব-স্ব দপ্তর/কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীগণের দৈনিক উপস্থিতির সংখ্যা সুবিবেচনার সাথে নির্ধারণ করবেন।

০৩. ঋণ ও সঞ্চয় কার্যক্রমের সুরক্ষার স্বার্থে তথ্য প্রযুক্তি ও মোবাইল ফোন ব্যবহারের মাধ্যমে প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয় ও উপজেলা কার্যালয়ের সহকর্মীবৃন্দ এবং সুফলভোগীদের সাথে নিরবচ্ছিন্ন যোগাযোগ রক্ষা করতে হবে;

০৪. প্রাতিষ্ঠানিক দায়িত্ব পালনকালে প্রদত্ত নির্দেশনাবলীর অনুসরণে যথাযথভাবে স্বাস্থ্যবিধি প্রতিপালন করতে হবে;

০৫. সীমিত লোকবল সহযোগে কার্যক্রম পরিচালনাকালে কার্যালয়ের নিরাপত্তার প্রতি বিশেষ লক্ষ্য রাখতে হবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বর্ণিত স্মারক মূলে জারীকৃত পত্রসমূহের ছায়ালিপি এতৎসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হ'ল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৬ (ছয়) পৃষ্ঠা।

০৪/০৪/২০২১
**(মুহিউদ্দিন আহমদ পান্নু)**
ভারপ্রাপ্ত পরিচালক, প্রশাসন

**বিতরণ:**

১. পরিচালক (সকল), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
২. অতিরিক্ত পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. যুগ্ম পরিচালক (সকল), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপপরিচালক (সকল), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), সকল অঞ্চল।
৫. দলনেতা, অডিট, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), সকল অডিট অঞ্চল।
৬. উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা (সকল), পিডিবিএফ, সকল অঞ্চল।

স্মারক নং-৪৭.৬৬.০০০০.০১০.১৮.০০৩৫.০৪-**১০১৫** তারিখঃ ০৪/০৪/২০২১খ্রিঃ।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি:**

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।**
২. সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।**
৩. যুগ্ম পরিচালক, তথ্য প্রযুক্তি, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
৪. অফিস কপি।

০৪/০৪/২০২১
**(মোঃ শাহেদুর রহমান খান)**
যুগ্ম পরিচালক
মানব সম্পদ ব্যবস্থাপনা
পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১

তারিখ: ২১ চৈত্র ১৪২৭ / ০৪ এপ্রিল ২০২১

বিষয়: **করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে শর্ত সাপেক্ষে সার্বিক কার্যাবলি/চলাচলে নিষেধাজ্ঞা আরোপ**

করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতি পর্যালোচনায় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক গত ২৯ মার্চ ২০২১ তারিখের ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১.১২৪ নম্বর স্মারকে ১৮ দফা নির্দেশনা প্রদান করা হয়েছে। বর্ণিত স্মারকের অনুবৃত্তিক্রমে আগামী ০৫ এপ্রিল ২০২১ ভোর ৬.০০টা থেকে ১১ এপ্রিল ২০২১ রাত ১২.০০টা পর্যন্ত মেয়াদে প্রতিপালনের জন্য নিম্নোল্লিখিত নির্দেশনা প্রদান করা হলো:

২। (ক) সকল প্রকার গণপরিবহন (সড়ক, নৌ, রেল ও অভ্যন্তরীণ ফ্লাইট) বন্ধ থাকবে। তবে, পণ্য পরিবহন, উৎপাদন ব্যবস্থা, জরুরি সেবাদানের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হবে না। এছাড়া, বিদেশগামী/বিদেশ প্রত্যাগত ব্যক্তিদের ক্ষেত্রে এই নিষেধাজ্ঞা কার্যকর হবে না;

(খ) আইনশৃঙ্খলা এবং জরুরি পরিষেবা, যেমন-ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের (স্থলবন্দর, নদীবন্দর ও সমুদ্রবন্দর) কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবাসহ অন্যান্য জরুরি ও অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহ, তাদের কর্মচারী ও যানবাহন এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;

(গ) সকল সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত অফিস ও আদালত এবং বেসরকারি অফিস কেবল জরুরি কাজ সম্পাদনের জন্য সীমিত পরিসরে প্রয়োজনীয় জনবলকে স্ব স্ব প্রতিষ্ঠানের নিজস্ব পরিবহন ব্যবস্থাপনায় অফিসে আনা-নেওয়া করতে পারবে। শিল্প-কারখানা ও নির্মাণ কার্যাদি চালু থাকবে। শিল্প-কারখানার শ্রমিকদের স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব পরিবহন ব্যবস্থাপনায় আনা-নেওয়া করতে হবে। বিজিএমইএ ও বিকেএমইএ কর্তৃক শিল্প-কারখানা এলাকায় নিকটবর্তী সুবিধাজনক স্থানে তাদের শ্রমিকদের জন্য ফিল্ড হাসপাতাল/চিকিৎসার ব্যবস্থা করতে হবে;

(ঘ) সন্ধ্যা ৬.০০টা থেকে ভোর ৬:০০টা পর্যন্ত অতি জরুরি প্রয়োজন ব্যতীত (ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না;

(ঙ) খাবারের দোকান ও হোটেল-রেস্তোরাঁয় কেবল খাদ্য বিক্রয়/সরবরাহ (Takeaway/Online) করা যাবে। কোনো অবস্থাতেই হোটেল-রেস্তোরাঁয় বসে খাবার গ্রহণ করা যাবে না;

(চ) শপিংমলসহ অন্যান্য দোকানসমূহ বন্ধ থাকবে। তবে দোকানসমূহ পাইকারি ও খুচরা পণ্য Online-এর মাধ্যমে ক্রয়-বিক্রয় করতে পারবে। সেক্ষেত্রে অবশ্যই সর্বাবস্থায় কর্মচারীদের মধ্যে আবশ্যিক স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং কোনো ক্রেতা স্বশরীরে যেতে পারবে না;

(ছ) কাঁচাবাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সকাল ৮.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি মেনে ক্রয়-বিক্রয় করা যাবে। বাজার কর্তৃপক্ষ/স্থানীয় প্রশাসন বিষয়টি নিশ্চিত করবে;

(জ) ব্যাংকিং ব্যবস্থা সীমিত পরিসরে চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে;

(ঝ) সশস্ত্র বাহিনী বিভাগ ঢাকায় সুবিধাজনক স্থানে ফিল্ড হাসপাতাল স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(ঞ) সারাদেশে জেলা ও মাঠ প্রশাসন উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে এবং আইনশৃঙ্খলা বাহিনী নিয়মিত টহল জোরদার করবে; এবং

(ট) এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

04/04/2021

(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)
উপসচিব
ফোন: ৯৫৫১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১

তারিখ: ২১ চৈত্র ১৪২৭ / ০৪ এপ্রিল ২০২১

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২। বিভাগীয় কমিশনার (সকল)
৩। জেলা প্রশাসক (সকল)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১-১২৪

তারিখ ১৫ চৈত্র ১৪২৭
২৯ মার্চ ২০২১

## প্রজ্ঞাপন

করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সরকার নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছে:

ক) সকল ধরণের জনসমাগম (সামাজিক/ রাজনৈতিক/ ধর্মীয়/ অন্যান্য) সীমিত করতে হবে। উচ্চ সংক্রমণযুক্ত এলাকায় সকল ধরণের জনসমাগম নিষিদ্ধ করা হলো। বিয়ে/ জন্মদিনসহ যে কোন সামাজিক অনুষ্ঠান উপলক্ষ্যে জনসমাগম নিরুৎসাহিত করতে হবে;

খ) মসজিদসহ সকল ধর্মীয় উপাসনালয়ে যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;

গ) পর্যটন/ বিনোদন কেন্দ্র/ সিনেমা হল/ থিয়েটার হলে জনসমাগম সীমিত করতে হবে এবং সকল ধরণের মেলা আয়োজন নিরুৎসাহিত করতে হবে;

ঘ) গণপরিবহনে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং ধারণ ক্ষমতার ৫০ ভাগের অধিক যাত্রী পরিবহন করা যাবে না;

ঙ) সংক্রমণের উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকাতে আন্তঃজেলা যান চলাচল সীমিত করতে হবে; প্রয়োজনে বন্ধ রাখতে হবে;

চ) বিদেশ হতে আগত যাত্রীদের ১৪ দিন পর্যন্ত প্রাতিষ্ঠানিক (হোটেলে নিজ খরচে) কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে;

ছ) নিত্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী খোলা/ উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি পরিপালনপূর্বক ক্রয়-বিক্রয়ের ব্যবস্থা করতে হবে; ওষুধের দোকানে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে;

জ) স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানসমূহে মাস্ক পরিধানসহ যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;

ঝ) শপিং মলে ক্রেতা-বিক্রেতা উভয়েরই যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে;

ঞ) সকল শিক্ষা প্রতিষ্ঠান (প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাদ্রাসা, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়) ও কোচিং সেন্টার বন্ধ থাকবে;

ট) অপ্রয়োজনীয় ঘোরাফেরা/ আড্ডা বন্ধ করতে হবে। জরুরি প্রয়োজন ছাড়া রাত ১০ টার পর বাইরে বের হওয়া নিয়ন্ত্রণ করতে হবে;

ঠ) প্রয়োজনে বাইরে গেলে মাস্ক পরিধানসহ সকল ধরণের স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে। মাস্ক পরিধান না করলে কিংবা স্বাস্থ্যবিধি লঙ্ঘিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ড) করোনায় আক্রান্ত/ করোনার লক্ষণযুক্ত ব্যক্তির আইসোলেশন নিশ্চিত করতে হবে। করোনায় আক্রান্ত ব্যক্তির ঘনিষ্ঠ সংস্পর্শে আসা অন্যান্যদেরও কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে;

ঢ) জরুরি সেবায় নিয়োজিত প্রতিষ্ঠান ছাড়া সকল সরকারি-বেসরকারি অফিস/ প্রতিষ্ঠান/ শিল্প কারখানাসমূহ ৫০ ভাগ জনবল দ্বারা পরিচালনা করতে হবে। গর্ভবতী/ অসুস্থ/ বয়স ৫৫-ঊর্ধ্ব কর্মকর্তা/ কর্মচারীর বাড়িতে অবস্থান করে কর্মসম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ণ) সভা, সেমিনার, প্রশিক্ষণ, কর্মশালা যথাসম্ভব অনলাইনে আয়োজনের ব্যবস্থা করতে হবে;

ত) সশরীরে উপস্থিত হতে হয় এমন যে কোন ধরণের গণপরীক্ষার ক্ষেত্রে যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;

থ) হোটেল-রেঁস্তোরাসমূহে ধারণ ক্ষমতার ৫০ ভাগের অধিক মানুষের প্রবেশ বারিত করতে হবে;

দ) কর্মক্ষেত্রে প্রবেশ এবং অবস্থানকালীন সর্বদা বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ............................ তারিখ ............................

০২। উপরোক্ত সিদ্ধান্তসমূহ অবিলম্বে সারাদেশে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আপাততঃ ০২ (দুই) সপ্তাহ পর্যন্ত বলবৎ থাকবে।

০৩। সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(ড. আহমদ কায়কাউস)
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব/ সচিব,............................ (সকল)- *[নিজ মন্ত্রণালয়/ বিভাগসহ আওতাধীন দপ্তর/ সংস্থা/ অফিস/ প্রতিষ্ঠান কর্তৃক উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]*
৩. বিভাগীয় কমিশনার,............................ (সকল)
৪. জেলা প্রশাসক,............................ (সকল)
৫. ............................................

অনুলিপি:

১. প্রধানমন্ত্রীর প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালি, ঢাকা
৩. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৪. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/ সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৫. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

# পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

প্রধান কার্যালয়

বাড়ী নং-০৫, এভিনিউ-০৩, হাজী রোড, রূপনগর, মিরপুর-০২, ঢাকা-১২১৬

**www.pdbf.gov.bd**

তারিখঃ ৩১/০৩/২০২১ খ্রি:

স্মারক নং-৪৭.৬৬.০০০০.০১০.৯৯.০১০৪.২১-৮৯৮

**প্রিয় সহকর্মীবৃন্দ,**

আপনারা অবহিত যে, দেশে পুনরায় করোনা ভাইরাস (Covid-19) এর প্রকোপ বৃদ্ধি পেয়েছে। সরকার এ প্রেক্ষিতে দেশব্যাপী সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করেছেন। পিডিবিএফ এর পক্ষ থেকেও সময়ে সময়ে প্রাসঙ্গিক নির্দেশাবলী জারী করা হয়েছে। আমি এ প্রেক্ষিতে করোনা ভাইরাস (Covid-19) থেকে মুক্ত থাকার লক্ষ্যে এ বিষয়ে বিভিন্ন সময়ে জারীকৃত নিম্নবর্ণিত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ করার জন্য আপনাদের বিশেষভাবে অনুরোধ করছি:

১. সকল কর্মকর্তা-কর্মচারীকে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সার্বিক নির্দেশনা ও স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত করোনা ভাইরাস (Covid-19) সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে অফিস ও সমিতি পর্যায়ের কার্যক্রম পরিচালনা করতে হবে;

২. সকল অনুষ্ঠান উপলক্ষে জনসমাগম সাধারনভাবে নিরুৎসাহিত করতে হবে;

৩. সভা, সেমিনার, প্রশিক্ষণ কার্যক্রম যথাসম্ভব অনলাইনে আয়োজন করতে হবে;

৪. কর্মস্থলে ও সরকারী বাহনে সকলকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে এবং ঘন ঘন সাবান পানি বা হ্যান্ড স্যানিটাইজাইর দিয়ে হাত পরিষ্কার করতে হবে, সার্জিক্যাল মাস্ক শুধু একবার হিসেবে (One time) ব্যবহার করা যাবে; তবে কাপড়ের মাস্ক পরিষ্কার করে পুনরায় ব্যবহার করা যাবে;

৫. অফিসিয়াল/পারিবারিক কাজে বাহির থেকে ফেরার সাথে সাথে কমপক্ষে ২০ সেকেন্ড সময় ধরে সাবান দিয়ে প্রথমে হাত ধৌত করা ও পরে সমস্ত মুখমন্ডল ধৌত করা;

৬. অফিসসমূহে কাজ করার সময় শারীরিক দূরুত্ব বজায় রাখতে হবে এবং প্রয়োজন ছাড়া চোখে, মুখে ও নাকে হাত স্পর্শ না করা, টাকা লেনদেনের পর হাত ভালোভাবে হ্যান্ডওয়াস/ সাবান দ্বারা কমপক্ষে ২০ সেকেন্ড ধুয়ে ফেলা;

৭. অফিসে প্রয়োজনীয় স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী যেমন-সাবান, হ্যান্ডওয়াস, টিস্যু পেপার, স্যানিটাইজার, ব্লিচিং পাউডার মিশ্রিত পানি, সাবান পানি ইত্যাদি রাখতে হবে এবং পিডিবিএফ কর্মী ও সদস্যগণ জীবানুনাশক ব্যবহার করে অফিসে প্রবেশ করবেন;

৮. জনসমাগম হয় এমন স্থান এড়িয়ে চলা এবং হাঁচি-কাঁশিতে আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে না যাওয়া;

৯. গণপরিবহণ যেমন-বাস/লঞ্চ/রেল ইত্যাদি ভ্রমণ যথাসম্ভব এড়িয়ে চলা, যাত্রার পূর্বে এবং যাত্রাকালীন পথে বার বার হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করা এবং বিদেশ ফেরত এমন লোকের সংস্পর্শে না যাওয়া;

১০. ডিম, মাছ, মাংসসহ সকল খাদ্য ভালভাবে সিদ্ধ করে খাওয়া, কাঁচা সবজি না খাওয়া, ফলমূল খাওয়ার আগে আধা ঘন্টা পানিতে ভিজিয়ে রেখে দিতে হতে;

১১. কর্মকর্তা-কর্মচারী/ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ গ্রাহক/ সুফলভোগী সদস্যদের করোনা ভাইরাস (Covid-19) প্রতিরোধে বিভিন্ন সাধারণ নির্দেশনাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি নিয়মিত মনে করিয়ে দিতে হবে এবং তাঁরা স্বাস্থ্যবিধিসমূহ মেনে চলছে কিনা তা মনিটরিং করতে হবে;

১২. কোন কর্মচারীকে অসুস্থ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তাঁকে আইসোলেশন/কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করতে হবে;

১৩. পিডিবিএফ পল্লী পরিসেবায় নিয়োজিত প্রতিষ্ঠান বিধায় করোনাকালীন সময়ে সুফলভোগীদের প্রতি সংবেদনশীল আচরণ একান্ত প্রত্যাশিত। এক্ষেত্রে সকল সহকর্মী প্রয়োজনীয় সময় ও শ্রম যুক্ত করবেন;

১৪. সরকারের নির্দেশনা অনুযায়ী প্রতিষ্ঠানের সকল কর্মীকে এমনভাবে নিয়োজিত রাখতে হবে যাতে তাঁরা ঝুঁকিমুক্তভাবে দায়িত্ব নির্বাহ করতে পারেন। সম্ভাব্য ক্ষেত্রে সন্তানসম্ভবা/অসুস্থ কর্মী এবং প্রবীণদের (৫৫ বৎসরের অধিক বয়সী) ক্ষেত্রে সরকারের নির্দেশনামতে বাড়িতে থেকে কাজের সুযোগ করে দিতে হবে;

১৫. যে কোন গুরুতর পরিস্থিতিতে প্রধান কার্যালয় ও স্থানীয় প্রশাসনের সাথে নিবিড়ভাবে যোগাযোগ রক্ষা করতে হবে।

সকল সহকর্মী এ নির্দেশাবলী অনুপঙ্খভাবে অনুসরণ করবেন এবং তাঁদের সহকর্মীদের নিয়ে, সপরিবারে ভালো থাকবেন এই ঐকান্তিক প্রত্যাশা ও প্রার্থনা।

আন্তরিকভাবে আপনার,

অনেক শুভকামনায়,

৩১.০৩.২০২১

**(মুহম্মদ মউদুদউর রশীদ সফদার)**
ব্যবস্থাপনা পরিচালক
পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন

**উপ-পরিচালক (সকল )**
উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা (সকল)
পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)।

স্মারক নং-৪৭.৬৬.০০০০.০১০.৯৯.০১০৪.২১-৮৯৮ তারিখঃ ৩১/০৩/২০২১ খ্রি:

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি:**

১. পরিচালক (সকল), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), প্রধান কার্যালয়, ঢাকা।
২. যুগ্ম-পরিচালক (সকল), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), প্রধান কার্যালয়, ঢাকা (আপনার বিভাগ/শাখার সকল সহকর্মীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৩. যুগ্ম-পরিচালক,আইটি (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহ)।
৪. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের এক্সিকিউটিভ সেক্রেটারী, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. সংশ্লিষ্ট নথি।

৩১/০৩/2021

**(নাজনীন আকতার)**
উপ-পরিচালক
যোগাযোগ শাখা